

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং: ৩৩.০২.০০০০.১২২.০১.০৬৫.০৭- ৭৫

তারিখ: ১১.১০.২০১৮ খ্রি।

বিষয়: মৎস্য বীজ উৎপাদন খামার, মীরসরাই, চট্টগ্রাম গুণগত মানের রেগু ও পোনা উৎপাদন কার্যক্রমের আওতায় আনতে প্রাক্কলন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর পত্র নং-৩৩.০০.০০০০.১৩৬.১৪.০৩০.১৪(২য় খন্ড)-২৫৭ তারিখ: ২৭/০৯/২০১৮ খ্রি।

২. আপনার কার্যালয়ের পত্র নং: ৩৩.০২.১৫০০.৪০০.৪৮.০০১.১৪-৭৭০ তারিখ: ০৯.১০.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রপত্রদ্বয় মোতাবেক মৎস্য বীজ উৎপাদন খামার, মীরসরাই, চট্টগ্রাম এর কর্মপরিকল্পনা পাওয়া গেছে যা বাস্তবায়ন ব্যয় ও সময় সাপেক্ষ। বর্তমান বাস্তবতা অনুযায়ী খামারটিকে দূত রেগু, পোনা উৎপাদন কার্যক্রমের আওতায় আনা আবশ্যিক। বর্ণিত অবস্থায় খামারটিকে গুণগত মানের রেগু ও পোনা উৎপাদন কার্যক্রমের আওতায় আনতে ন্যূনতম প্রয়োজনীয় সংস্কার, যন্ত্রপাতি-সরঞ্জামাদির সংস্থানের জন্য সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী এর সহযোগিতা ও বিভাগীয় উপপরিচালকের পরামর্শ গ্রহণপূর্বক একটি প্রাক্কলন প্রস্তুত করে অত্র অধিদপ্তরে প্রেরণ করতে বলা হলো। উল্লেখ্য যে, খামারটিতে পরিত্যক্ত স্থাপনা থাকলে তা জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে দূত অপসারণ করতে হবে। খামারটির প্রস্তাবিত সংস্কার পরবর্তী রেগু ও পোনা উৎপাদন কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এখন থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা মৎস্য কর্মকর্তা
চট্টগ্রাম

(ড. মোঃ জিল্লুর রহমান)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোনঃ ০২-৯৫৬১৫৯২

ই-মেইলঃ ddaqua@fisheries.gov.bd

নং: ৩৩.০২.০০০০.১২২.০১.০৬৫.০৭- ৭৫/ ১(৪)

তারিখ: ১১.১০.২০১৮ খ্রি।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মীরসরাই, চট্টগ্রাম।
৩. উপ-সহকারী/সহকারী প্রকৌশলী, উপপরিচালকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
৪. দপ্তর নথি।

(মুহা: নওশের আলী)
সহকারী পরিচালক (মৎস্যচাষ)

ফোন: ৯৫৬০৫১৭